

## রংপুর কারমাইকেল কলেজে সহিংস ঘটনা জামায়াতপন্থী ৫ শিক্ষককে বদলি

রংপুর প্রতিনিধি

রংপুর কারমাইকেল কলেজে সহিংস ঘটনায় সংশ্লিষ্টতা থাকার অভিযোগে জামায়াত সমর্থিত পাচ শিক্ষককে বদলি করা হয়েছে। আরো তিন শিক্ষক ও পাচ কর্মচারী বদলির তালিকায় রয়েছেন। অভিযুক্ত শিক্ষকদের ১৩ মার্চের মধ্যে নিজ নিজ কলেজে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে।

জানা গেছে, কারমাইকেল কলেজকে ইউনিভার্সিটি রূপান্তরের দাবি জুলে শিবির ক্যাডাররা ৬ ফেব্রুয়ারি কলেজে তাওক্বীলা চালায়। তাওবে কলেজ, প্রিন্সিপাল ও শিক্ষকের বাড়িতে হামলা, ভাংচুর, অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটানো হয়। এ ঘটনার সঙ্গে কলেজের কয়েক শিক্ষক ও কর্মচারীর সংশ্লিষ্টতার অভিযোগ পায় গোয়েন্দা সংস্থা। সে অভিযোগের ভিত্তিতে মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের দফতর থেকে অভিযুক্ত পাচ শিক্ষককে বদলির আদেশ আসে। রংপুর কারমাইকেল কলেজ প্রিন্সিপালের কাছে।



ফলো আপ

জানা গেছে, আরবি বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর মুজাম্মিল হককে লক্ষীপুর সরকারি কলেজে, রস্ট্রবিজ্ঞান বিভাগের লেকচারার গোলাম মোস্তফা চৌধুরী ও বাংলা বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর শাহ আলমকে বরিশালের বাকেরগঞ্জ সরকারি কলেজে, রসায়ন বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর শফিউল আলমকে পটুয়াখালী সরকারি মহিলা কলেজে এবং একই বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর আবু বকর সিদ্দিককে পিরোজপুরের মঠবাড়িয়া সরকারি কলেজে বদলি করা হয়েছে।

এই আদেশে আরো বলা হয়েছে, তাদের ১৩ মার্চের মধ্যে নিজ নিজ কলেজে যোগদান করতে হবে। অভিযোগে জানা যায়, বদলি হওয়া শিক্ষকদের প্রত্যেকে রাজনৈতিক ক্ষমতার অপব্যবহার করে ১৫ থেকে ১৬ বছর ধরে কারমাইকেল কলেজে শিক্ষকতা করছেন।

এ ব্যাপারে কলেজ প্রিন্সিপাল ড. দীপকেন্দ্র নাথ দাস জানান, শিক্ষকদের বদলির বিষয়ে তার করার কিছুই নেই। এটা ওপর মহলের বিষয়।